আমার মা এক মাসের সাওম যিম্মায় রেখে মারা গেছেন, আমি কি তাঁর পক্ষ থেকে এ সাওম কাযা করতে পারি? তিনি বললেন, যদি তোমার মায়ের ওপর ঋণ থাকত তুমি তার পক্ষ থেকে সেটা আদায় করতে? সে বলল: হ্যাঁ, অতএব আল্লাহর ঋণ পরিশোধ করাই হলো অধিক যোগ্য।

আবদুল্লাহ ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত,আমার মা এক মাসের সাওম যিম্মায় রেখে মারা গেছেন, আমি কি তাঁর পক্ষ থেকে এ সাওম কাযা করতে পারি? তিনি বললেন, যদি তোমার মায়ের ওপর ঋণ থাকত তুমি তার পক্ষ থেকে সেটা আদায় করতে? সে বলল: হ্যাঁ, অতএব আল্লাহর ঋণ পরিশোধ করাই হলো অধিক যোগ্য। অন্য বর্ণনায় আছে, এক মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলল, আমার মা মারা গেছে, অথচ তার ওপর মান্নতের সাওম এর কাযা রয়েছে। আমি তার পক্ষ থেকে এ সাওম আদায় করতে পারি কি? তখন তিনি বললেন যদি তোমার মায়ের ওপর কোনো ঋণ থাকত এবং তুমি তা পরিশোধ করে দিতে, তবে তা তার পক্ষ থেকে আদায় হতো কি? সে বলল, হ্যাঁ। তিনি বললেন: তোমার মায়ের পক্ষ তেকে তুমি সিয়াম পালন
কর।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে দু’টি বর্ণনা এসেছে। পূর্বপ্রসঙ্গ থেকে সুস্পষ্ট যে, এখানে ঘটনা দুটো; একটি নয়। প্রথমটি হলো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এক ব্যক্তি এসে সংবাদ দিল, তার মা এক মাসের সাওম যিম্মায় রেখে মারা গেছেন, সে কি তার পক্ষ থেকে এ সাওম কাযা করতে পারবে? দ্বিতীয়টি হলো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এক মহিলা এসে সংবাদ দিল, তার মা মারা গেছে, অথচ তার যিম্মায় মানতের সাওম রয়েছে। সে কি তার পক্ষ থেকে এ সাওম আদায় করতে পারবে? তিনি উভয়কে তাদের মায়ের সাওম কাযা করতে বলেছেন; এরপর তাদেরকে এমন উদাহরণ দিয়েছেন যা তাদের জন্য উত্তর বুঝতে সহজ ও সুস্পষ্ট করে দেয়। আর তা হচ্ছে, যদি তাদের পিতা-মাতার ওপর কোনো ব্যক্তির ঋণ থাকে, তাহলে তারা কি তা পরিশোধ করবে? তারা বলল, হ্যাঁ। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জানালেন যে, এই সাওমটি আল্লাহর জন্য তাদের পিতা- মাতার ওপর ঋণস্বরূপ। যখন ব্যক্তির পরিশোধ করা হয় তাহলে আল্লাহর ঋণ পরিশোধ করা আরো অধিক যোগ্য।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4531